JULY SHOHID জুলাই শহীদ.COM

**নাম: মো: নুর মোস্তফা**

**জন্ম তারিখ: ২১ অক্টোবর, ২০০৭**

**শহীদ হওয়ার তারিখ: ৬ আগস্ট, ২০২৪**

**ব্যক্তিগত তথ্য:**

পেশা : ছাত্র,
শাহাদাতের স্থান : মালুমঘাট হাসপাতালে

## শহীদের জীবনী

শহীদ নুর মোস্তফা কক্সবাজারের ঈদগাঁ উপজেলার ইসলামাবাদ ইউনিয়নে ২১ অক্টোবর ২০০৭ সালে জন্মগ্রহণ করেন।ছোটবেলা থেকেই তিনি ছিলেন ইসলামের প্রতি গভীর অনুরাগী।তিনি দারুস সালাম দাখিল মাদ্রাসায় পড়াশোনা করত।একজন আলেমে দ্বীন হয়ে ইসলামের সেবায় নিবেদিত হওয়াই ছিল তার জীবনের লক্ষ্য।কিন্ত একটি বুলেটের আঘাতেই তার জীবনের সব স্বপ্ন ভেঙে চুরমার হয়ে যায়।

পরিচিতি

বৃদ্ধ বাবা-মায়ের দীর্ঘদিনের লালিত স্বপ্ন, ছেলে হবে আলেমে দ্বীন।বড় হয়ে হাল ধরবে সংসারের।অন্যান্য ভাইদের মতো অন্তত সে বাবা-মাকে ছেড়ে চলে যাবে না।খেয়াল রাখবে বার্ধক্যের ভারে অসহায় বাবা-মায়ের প্রতি।দায়িত্ব নিবে একমাত্র ছোট বোনের পড়াশোনা ও বিয়ের।

সাহসী ও মেধাবী মাদ্রাসার ছাত্র শহীদ নুর মোস্তফা নিজেই পড়াাশোনার পাশাপাশি কৃষিকাজেও সহযোগিতার হাত বাড়াতেন।ভালোই চলছিল তাদের সংসার। শিক্ষার্থীদের ন্যায্য অধিকার আদায়ের সংগ্রামে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকে তিনি নিজেকে আর ঘরে আবদ্ধ রাখতে পারেননি।সক্রিয়ভাবে জড়িয়ে পড়েন আন্দোলনে।লড়াইয়ের চূড়ান্ত পর্যায়ে ৫ আগস্ট ২০২৪ ফ্যাসিবাদের সক্রিয় দোসর পুলিশের বুলেট কেড়ে নেয় তাজাপ্রাণ শহীদ নুর মোস্তফার জীবন। ভেঙে টুকরো টুকরো হয়ে যায় বাবা-মায়ের স্বপ্নের ভুবন।ছোট বোনটিও দুচোখে দেখে অন্ধকার।সে ভাই তাকে নিয়মিত আশ্বাস দিত তার উজ্জ্বল ভবিষ্যতের। সেই ভাইটি নিজেই চলে গেলেন মহান রবের দরবারে।প্রভূর সান্নিধ্যে।যেভাবে আল্লাহ তা'আলা তাঁর প্রিয় বান্দাদের নিজের কাছে নিয়ে যান তেমনি শহীদ নুর মোস্তফার বেলায়ও একই ঘটনা ঘটে।রয়ে যায় শহীদের অসম্পূর্ণ কাজের ভার বেঁচে থাকা মানুষের ওপর।এ দায় নেভানোর সাথেই জড়িয়ে আছে জীবিত মানুষগুলোর পরপারে মুক্তির পথ।

যেভাবে শহীদ হলেন

শহীদ নুর মোস্তফা বৈষম্যবিরোধী আন্দোলনে প্রথম থেকেই সক্রিয় ছিলেন।আন্দোলনের চূড়ান্ত পর্বে ৫ আগস্ট ২০২৪ স্বৈরাচার হাসিনার পতনের এক দফার আন্দোলনে সহযোদ্ধার সাথে কক্সবাজারের ঈদগাঁ থানা সংলগ্ন শাহ ফকির বাজার এলাকায় বিজয় মিছিলে অংশগ্রহণ করেন।বিকাল ৪ টা ৪৫ মিনিটের দিকে মিছিলটির ওপর ঈদগাঁ থানা পুলিশ এলোপাথারি গুলি চালায়।সেখানেই গুলিবিদ্ধ হন নুর মোস্তফা।গুলিবিদ্ধ অবস্থায় তাকে নিকটস্থ' মালুমঘাট হাসপাতালে ভর্তি করানো হয়।চিকিৎসাধীন অবস্থায় ৬ আগস্ট ২০২৪ বিকাল ৫:১৫ টায় তিনি শাহাদাত বরণ করেন।

পরিবারের অচলাবস্থা

শহীদ নুর মোস্তফা দরিদ্র পরিবারের সন্তান।তার ৬০ বয়সী পিতা অন্যের জমিতে কৃষিকাজ করেন।নুর মোস্তফা তার পিতাকে সেই কাজে পড়াশোনার ফাঁকে ফাঁকে সহযোগিতা করতেন।তার বাসায় বৃদ্ধ মা ও এক বোন রয়েছে।বাকি ভাই-বোন আগেই বিয়ে করে পরিবার ছেড়েছে।বার্ধক্যের ভারে নুয়ে পড়া শহীদের পিতা সংসারের হাল ধরতে কৃষিকাজ করে যাচ্ছেন।অর্থের অভাবে ৭ম শ্রেণিতে পড়ুয়া ছোট বোনটির পড়াশোনা বন্ধ।তার ভবিষ্যৎ সম্পূর্ণ অনিশ্চয়তার মুখোমুখি।এমতাবস্থায় পরিবারটির আর্থিক অবস্থা অত্যন্ত শোচনয়ী।বৃদ্ধ বাবা-মা ও ছোট বোনটি মানবেতর জীবন যাপন করছে।শহীদের প্রতি ভালোবাসা ও ত্যাগের ঋণ পরিশোধে তাদের সহযোগিতায় এগিয়ে আসা ঈমানী দায়িত্ব।কিয়ামতের ময়দানে শহীদের সামনে দাঁড়ানো বড়ই কঠিন হয়ে পড়বে।

শোকাহত এলাকাবাসী

শহীদ নুর মোস্তফা ছিলেন অত্যন্ত সহজ সরল এবং মেধাবী একজন তরুণ।পরিবারের প্রতি অত্যন্ত অতিশয় দায়িত্বান।তিনি দারুস সালাম দাখিল মাদ্রাসায় ১০ম শ্রেণির ছাত্র ছিলেন।আমরা তার হত্যার বিচার চাই।

এক নজরে শহীদ নুর মোস্তফা

নাম : নুর মোস্তফা
পেশা : ছাত্র
শ্রেণি : ১০ম শ্রেণি
জন্ম তারিখ : ২১ অক্টোবর ২০০৭, বয়স ১৭ বছর
জন্মস্থান : পশ্চিম গজালিয়া, ইসলামাবাদ, কক্সবাজার
শিক্ষা প্রতিষ্ঠানের নাম : দারুস সালাম দাখিল মাদ্রাসা
স্থায়ী ঠিকানা : গ্রাম-পশ্চিম গজারিয়া, ইউনিয়ন- ইসলামাবাদ, থানা: পশ্চিম গজালিয়া, জেলা কক্সবাজার
পিতার নাম : শফি আলম, পেশা: কৃষক, বয়স: ৬০ বছর
মায়ের নাম : নূর বেগম, পেশা-গৃহিণী, বয়স-৫৫
আয় : ৬,০০০/- আয়ের উৎস কৃষিকাজ

ভাই-বোনদের নাম, বয়স ও পেশা

আবুল হোসেন, ২৫ বছর, ড্রাইভার, ভাই মোহাম্মদ হোসেন, ২০, দীনমজুর, ভাই

মিনওয়ারা, ১৪, ছাত্রী, শ্রেণি ৭ম, বোন

ঘরবাড়ির অবস্থা : মাটির ঘর

আক্রমণকারী : পুলিশ

শাহদাত বরণের সময় : ৬ আগস্ট ২০২৪, বুধবার, আনুমানিক সন্ধা ৫ : ১৭টা

দাফন করার স্থান : ঈদগাহ সংলগ্ন শাহ ফকির বাজার

সহযোগিতা প্রস্তাবনা

১. অসহায় পরিবারটির জন্য মাসিক অনুদানের ব্যবস্থা করা জরুরি

২. শহীদের একমাত্র ছোট বোনটির পড়াশোনাসহ বিয়ের ব্যয়ভার বহন মানবিক, সামাজিক ও নৈতিক দায়িত্ব